অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ব্যস্ত যাতায়াতের মৌসুমকে সামনে রেখে, গভর্নর হোকল ঘোষণা করলেন যে 10 অক্টোবর, মঙ্গলবার থেকে এয়ারট্রেন JFK OMNY এর মাধ্যমে পেমেন্ট গ্রহণ করবে

নতুন ভাড়া পেমেন্ট ব্যবস্থা স্পর্শহীন ডেবিট/ক্রেডিট কার্ড, ডিজিটাল ওয়ালেট এবং OMNY কার্ড গ্রহণ করবে

টার্মিনালসমূহের মধ্যে যাতায়াতের জন্য এয়ারট্রেন বিনামূল্যেরই থাকছে

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক এবং নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) আজকে ঘোষণা করলেন যে 10 অক্টোবর, মঙ্গলবার থেকে এয়ারট্রেন JFK (AirTrain JFK), MTA এর OMNY "ট্যাপ অ্যান্ড গো" স্পর্শহীন পেমেন্ট রিডার ব্যবহার করে ভাড়ার পেমেন্ট গ্রহণ করা শুরু করবে। জ্যামাইকা এবং হাওয়ার্ড বীচ উভয় স্টেশনের বাছাইকৃত গেটে OMNY উপলভ্য থাকবে, যেখানে সিস্টেমে প্রবেশ করতে বা বের হতে একমুখী যাত্রার জন্য 8.25 মার্কিন ডলার দিতে হয়, এবং বিমানবন্দরের টার্মিনালসমূহের মধ্যে যাতায়াতের জন্য এয়ারট্রেন বিনামূল্যেরই থাকছে।

"যাত্রীদের জন্য JFK পর্যন্ত ট্রেন গ্রহণ করা এবং আমাদের মহান সিটিতে বেড়াতে আসা মানুষের জন্য এর সবথেকে গুরুত্বপূর্ণ সেবাগুলির একটি ব্যবহার করা পূর্বের যেকোনো সময়ের থেকে আমরা সহজতর করছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা পুরো সিস্টেমব্যাপী OMNY শুরু করা অব্যাহত রাখছি, এবং এই সেবার সদ্ব্যবহার করে নিরাপদে যাত্রা করার জন্য সকলকে আমি উৎসাহিত করছি।"

নতুন ভাড়া পেমেন্ট করার ব্যবস্থাটি স্পর্শহীন ডেবিট/ক্রেডিট কার্ড, ডিজিটাল ওয়ালেট এবং OMNY কার্ড গ্রহণ করবে। মেট্রোকার্ড গ্রহণ করা ভাড়া গেট উপলভ্য থাকবে এবং গ্রাহকদের জন্য একটি বিকল্প হবে। জ্যামাইকা এবং হাওয়ার্ড বীচ স্টেশনে OMNY এর প্রাথমিক ইনস্টলেশন হলো সংযোজন প্রক্রিয়ার প্রথম পর্যায়ের ধাপ। আগামী 15 মাস ধরে OMNY সরঞ্জামসহ গেটের সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পাবে। 2024 সাল শেষ হওয়ার পূর্বে, OMNY "ট্যাপ অ্যান্ড গো" স্পর্শহীন রিডার সকল ভাড়া গেটে সম্পূর্ণভাবে সংযোজিত হবে।

নিউ ইয়র্ক এবং নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "আমাদের প্রদত্ত সুযোগ সুবিধার মাধ্যমে প্রত্যেক গ্রাহকের যাত্রা উন্নত করতে আমরা নিবেদিত এবং এয়ারট্রেন JFK এর জন্য সহজ ব্যবহারের স্পর্শহীন পেমেন্ট সংযোজন করা এই প্রতিশ্রুতিকে সমর্থন করে। OMNY এর মতো স্পর্শহীন পেমেন্ট ব্যবস্থা ট্যাপ করে মূল্য পরিশোধের একটি পদ্ধতি প্রদান করে যা আমাদের অঞ্চলের বাসিন্দা ও মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যান্য অংশ ও অন্যান্য দেশ থেকে আগত যাত্রী সকলের জন্য সুবিধাজনক ও দ্রুত।"

নিউ ইয়র্ক এবং নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষের সভাপতি কেভিন ও'টুল বলেন, "সারা বিশ্বের যাত্রীদের জন্য বিমানবন্দরে একটি ধারাবাহিক, বিশ্বমানের গ্রাহক অভিজ্ঞতা প্রদান করা আমাদের দায়িত্ব। স্পর্শহীন রিডার যাত্রীদের একটি সজ্ঞাত, ঝামেলামুক্ত ভাড়া পেমেন্ট করার বিকল্প প্রদান করে এবং এটি এয়ারট্রেন JFK তে গ্রাহকদের অভিজ্ঞতা দারুণভাবে উন্নত করবে।"

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "সেপ্টেম্বরে একটি একক দিনে সাবওয়ে ও বাসের গ্রাহকেরা 2 মিলিয়নের বেশি বার ট্যাপ করেছে, এবং এখন তারা এয়ারট্রেন JFK এর জন্য OMNY ব্যবহার করতে পারবে যার ফলে বিমানবন্দর থেকে এবং পর্যন্ত যাত্রী প্রবাহ আরো দ্রুততর হবে। একটি প্লেন ধরতে যাওয়া বা নিউ ইয়র্কে বাড়ি ফিরে আসা, সকল ক্ষেত্রে এয়ারট্রেন যাত্রীরা এখন সময় বাঁচানোর এবং সিটিতে যাত্রার করার বিরামহীন পন্থার সম্পূর্ণ সুযোগ নিতে পারবে।"

MTA নির্মাণ ও বিকাশ প্রেসিডেন্ট জ্যামি টোরেস-স্প্রিঙ্গার বলেন, "পুরো নিউ ইয়র্ক অঞ্চলে OMNY বাস্তবায়ন করার ব্যাপারে এটি একটি মুখ্য অগ্রগামী ধাপ। এখন আপনি যদি নিউ ইয়র্কে বাস করেন বা বেড়াতে আসেন, উভয় ক্ষেত্রেই ট্যাপ-অ্যান্ড-গো এর সুবিধা ও নির্ভরযোগ্যতা আপনি উপভোগ করতে পারবেন।"

প্রতিনিধি গ্রেগরি ডব্লিউ. মিকস বলেন, "সর্বশেষ ঘোষণাটির অর্থ হলো আমাদের সম্প্রদায়ের ট্রানজিট বিকল্প ব্যবহার করতে ইচ্ছুক যাত্রীদের জন্য আরো বেশি সুবিধা প্রদান করা হবে। ট্যাপ-অ্যান্ড-গো মডেল শুধু দ্রুততর নয়, বরং যাতায়াতের আরো নিরাপদ উপায় হিসেবে প্রমাণিত হয়েছে। আরো বেশি মানুষকে JFK এয়ারট্রেনের সুবিধা উপভোগ করতে দেখার জন্য আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের (New York City Council) সদস্য নানটাশা উইলিয়ামস বলেন, "JFK এয়ারট্রেনের সাথে OMNY এর সংযোজন দেখে আমি অতি আনন্দিত, এটি নিউ ইয়র্কবাসীর পরিবহন সুবিধা উন্নত করার দিকে একটি উল্লেখযোগ্য ধাপ। প্রযুক্তিগত এই অগ্রগতি শুধু যাত্রাকে সরলতর করে না, বরং আমাদের নাগরিকদের জন্য পরিবহনকে আরো অ্যাক্সেসিবল এবং কার্যকর করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে তুলে ধরে। আউটার বরোগুলির মধ্যে সর্বাধিক অ্যাক্সেসিবল ট্রানজিট হাবগুলির একটি হিসেবে ডাউনটাউন জ্যামাইকার খ্যাতি এই উদ্ভাবনটি আরো বৃদ্ধি করবে।"

নগদ ব্যবহারকারী গ্রাহক বা যাদের কাছে স্পর্শহীন পেমেন্ট পদ্ধতি নেই তারা মেট্রোকার্ড ভেন্ডিং মেশিন, হাডসন নিউজ বা মেট্রো নিউজ থেকে বর্তমানে উপলভ্য সকল মেট্রোকার্ড পণ্য ক্রয়

করতে পারবে, এরপর মেট্রোকার্ড ভাড়া গেটে তা ব্যবহার করতে পারবে। দল বা বারবার এয়ারট্রেন JFK ব্যবহার করা গ্রাহকদের জন্য বিদ্যমান 30-দিনের আনলিমিটেড কার্ড এবং ছাড়প্রাপ্ত 10 যাত্রার কার্ড এয়ারট্রেন মেট্রোকার্ডের মাধ্যমে উপলভ্য থাকবে যা স্টেশনগুলির মেট্রোকার্ড ভেন্ডিং মেশিন বা সাইটের নিউজ খুচরা বিক্রেতাদের থেকে ক্রয় করা যাবে।

হ্রাসকৃত ভাড়ার গ্রাহকেরা যারা এয়ারট্রেন JFK গেটসমূহে তাদের হ্রাসকৃত ভাড়ার মেট্রোকার্ড সোয়াইপ করতে পাবে না, তারা এয়ারট্রেন JFK এর OMNY রিডারে তাদের হ্রাসকৃত ভাড়া ব্যাংক কার্ড বা OMNY কার্ডের সাথে সংযুক্ত স্পর্শহীন পেমেন্ট ডিভাইসে ট্যাপ করে এয়ারট্রেনের সম্পূর্ণ ভাড়া পরিশোধ করতে পারবে।

এয়ারট্রেন JFK স্টেশনগুলি দিনে 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন সক্রিয় থাকে এবং সহায়তার জন্য সাইটে গ্রাহক সেবা এজেন্ট উপস্থিত থাকে। পেইড সাবওয়ে যাত্রার ক্ষেত্রে OMNY এর বাজারের অংশ এখনো 45 শতাংশের বেশি আছে।

গ্রাহকেরা এক বিলিয়নের বেশি বার ট্রানজিট সিস্টেমে ট্যাপ করেছে, এবং 26 জুলাই এক বিলিয়নতম ট্যাপটি হয়েছে। সর্বশেষ 2023 সালের বসন্তের গ্রাহক গণনা জরিপে (Customers Count Survey), OMNY 79 শতাংশ ভাড়া পেমেন্ট সন্তোষের হার পোস্ট করেছে। গ্রাহকেরা 472টি সাবওয়ে স্টেশনের প্রত্যেকটিতে ট্যাপ করেছে এবং 204টি স্থানীয় বাস রুট এবং 31টি এক্সপ্রেস বাস রুটে যাত্রা করেছে। ইস্যু করে এমন 195 দেশের প্রতিটির ব্যাংক কার্ড OMNY প্রক্রিয়া করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন